দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা
www.acc.org.bd

নম্বর- ০০.০১.০০০০.১০৩.০৪.০৫২.১০ (অংশ-৩)/ ৫২৪০২ তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ অনুযায়ী কমিশনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ তফসিলভুক্ত অভিযোগের বিষয়ে অনুসন্ধান ও মামলার তদন্ত করে থাকেন। অনুসন্ধান ও তদন্তের ক্ষেত্রে বক্তব্য গ্রহণ ও রেকর্ডপত্র সংগ্রহের জন্য অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়। পত্রের ভাষা মার্জিতকরণসহ বক্তব্য গ্রহণের জন্য আহূত ব্যক্তিবর্গের সাথে ভদ্রোচিত, শোভনীয় এবং নমনীয় আচরণ করা আবশ্যক।

০২। উল্লেখ্য, এ বিষয়ে ইতোপূর্বে এ কার্যালয়ের দুদক/প্রশা: ও লজি:/৬৩/২০০৭(অংশ-৪)/৪২৬২৬(১০০) তারিখ: ২০/১০/২০১৬ ও দুদক/প্রশা: এবং লজি:/৬৩/২০০৭(অংশ-৮)/২১২ তারিখ: ০২/০১/২০১৭ স্মারকমূলে নির্দেশনা জারি করা হলেও তা যথাযথভাবে প্রতিপালন করা হয় না মর্মে পরিলক্ষিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, কমিশনের তফসিলভুক্ত অভিযোগের বিষয়ে অনুসন্ধান ও তদন্তের ক্ষেত্রে আহূত অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে ভদ্রোচিত, শোভনীয় এবং নমনীয় আচরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে কমিশনের সিদ্ধান্তক্রমে নির্দেশনা প্রদান করা হলো। প্রদত্ত নির্দেশনার ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫/০৬/২০২৫
খোরশেদা ইয়াসমীন
সচিব
ফোন: ০২-৯৩৬০১১০
ইমেইল: secretary@acc.org.bd

নম্বর- ০০.০১.০০০০.১০৩.০৪.০৫২.১০ (অংশ-৩)/ ৫২৪০২(২৫০) তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সকল) (সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধ)।
২) পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় (সকল) (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ)।
৩) কমিশনার (অনুসন্ধান)-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।
৪) সচিব এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (সচিব মহোদয় এঁর সদয় অবগতির জন্য)।
৫) চেয়ারম্যান এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় চেয়ারম্যান এঁর সদয় অবগতির জন্য)।
৬) কমিশনার (তদন্ত)-এঁর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন (মাননীয় কমিশনার এঁর সদয় অবগতির জন্য)।
৭) উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়/জেলা কার্যালয় (সকল) (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ)।
৮) প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ)।
৯) সহকারী পরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন।
১০) উপসহকারী পরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন।
১১) উপসহকারী পরিচালক (নিরাপত্তা কর্মকর্তা), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ফ্রন্টডেস্কে কর্মরত সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ)।

২৫/০৬/২০২৫
দাউদ হোসেন চৌধুরী
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)

F:\Works\Office Order.docx

CamScanner